

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।  
(আইসিটি শাখা)  
www.sylhet.gov.bd



স্মারক নং-০৫.৪৬.৯১০০.০২৪.৩১.০০২.১১.২৬৬

তারিখ : ০৬ আশ্বিন  
১৪ কাশিক ১৪২৩  
৪৬ সেপ্টেম্বর ২০১৬

বিষয় : ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার আওতাধীন ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টালের তথ্য পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় পোর্টালের কিছু কিছু মেনু, সাব মেনু এবং সেবা বক্সের লিংকসমূহের হালনাগাদ তথ্য নেই। বিশেষ করে বিভিন্ন সরকারি প্রকল্প, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রোফাইল, মাসিক কর্মসূচী, বিভিন্ন সরকারি উন্নয়ন কার্যক্রম, যোগাযোগের তথ্য, উদ্যোক্তাদের প্রোফাইলসহ ইত্যাদির সঠিক ও হালনাগাদ তথ্য নেই। ইতোমধ্যে এবিষয়ে গত ১৮ আগস্ট ২০১৬ তারিখে সকল উদ্যোক্তাদের সাথে আলোচনা করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায় আগামী ০১ সপ্তাহের মধ্যে স্ব-স্ব ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ আগামী ২৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সকাল ১১.০০ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আপনার উপজেলার আওতাধীন প্রতিটি ইউনিয়নের ০১ জন উদ্যোক্তার যথাসময়ে উপস্থিত নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য ঐদিন প্রতিটি ইউনিয়নের পোর্টালটি উদ্যোক্তাকে অনলাইনের মাধ্যমে উপস্থাপন করতে হবে।

  
(আতাউল গনি ওসমানী)  
সহকারী কমিশনার  
আইসিটি শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।  
ফোন:৭১৬০৪১  


উপজেলা নির্বাহী অফিসার (সকল)

.....সিলেট।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০২। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০৩। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট। একজন সাউন্ড সিস্টেম অপারেটর শ্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট। চা-নাস্তা সরবরাহসহ সম্মেলন কক্ষ প্রস্তুত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৫। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।